যুক্তরাজ্য থেকে ফিরলেই ১৪ দিনের কোয়ারেন্টিন

চেম্বার ডেস্ক:: করোনাভাইরাসের নতুন ধরন দ্রুত ছড়িয়ে পড়ায় যুক্তরাজ্য থেকে কেউ বাংলাদেশে এলে বাধ্যতামূলকভাবে ১৪ দিনের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে থাকতে হবে।

সোমবার (২৮ ডিসেম্বর) মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই অনুশাসন দেন।

বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম সচিবালয়ে এক ব্রিফিংয়ে বলেন, ‘লন্ডন থেকে দেশে এলেই ১৪ দিনের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে যেতে হবে।’

তিনি বলেন, ‘বিশেষ করে লন্ডন থেকে যারা আসবে, তাদের কোয়ারেন্টিনে খুব কঠোর হতে হবে। তিনি (প্রধানমন্ত্রী) আমাদের দায়িত্ব দিয়েছেন, আসা বন্ধ করা হবে না, তবে স্ট্রং কোয়ারেন্টিনে যেতে হবে। লন্ডন ফ্লাইট থেকে যেই আসুক, তার যদি গতকালের কোভিড রিপোর্টও নেগেটিভ থাকে, তারপরও বাধ্যতামূলক ১৪ দিন কোয়ারেন্টিনে থাকতে হবে। তাদের প্রতিষ্ঠানিক কোয়ারেন্টিনে রাখা হবে। ’

তাদের কোথায় রাখা হবে, এ প্রশ্নের তিনি বলেন, ‘প্রধানমন্ত্রী আমাদের খুব পরিষ্কার নির্দেশনা দিয়েছেন, আমরা রাতে মিটিং করবো। সেখানে টেকনিক্যাল লোকজন নিয়ে মিটিং করে সিদ্ধান্তে আসবো। আমাদের যে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিন সেন্টার দিয়াবাড়ি এবং হজ ক্যাম্পে রাখা হবে ১৪ দিন। আর কিছু হোটেলের ব্যবস্থা থাকতে হবে। মন্ত্রিসভার সিদ্ধান্ত হলো, লন্ডন থেকে যারা আসবে, তাদের কোয়ারেন্টিনে রাখা হবে। তবে কবে থেকে রাখা হবে তা মিটিংয়ে সিদ্ধান্ত হবে। তাদের সরকারের তত্ত্বাবধানে রাখা হবে, যেভাবে

সিঙ্গাপুর বা মালয়েশিয়ায় আছে। ’

ঢাকা হয়ে আসলে ঢাকায় এবং সিলেট হয়ে আসলে সিলেটে কোয়ারেন্টিনে রাখা হবে বলে জানান মন্ত্রিপরিষদ সচিব।

উল্লেখ্য, যুক্তরাজ্যে করোনাভাইরাসের অত্যন্ত সংক্রামক নতুন ধরন ছড়িয়ে পড়েছে। বিভিন্ন দেশটির সঙ্গে সড়ক, নৌ ও বিমান যোগাযোগ বন্ধ করে দিলেও বাংলাদেশ এখনো যোগাযোগ বন্ধ করেনি।